খুলনায় সাংবাদিকের রিমান্ড নামঞ্জুর

ফেসবুকে বিতর্কিত পোস্ট দেওয়ায় খুলনায় ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেফতার হওয়া দি নিউ নেশনের প্রতিনিধি মুনীর উদ্দিন আহমেদকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশের রিমান্ড আবেদন নামঞ্জুর করেছেন আদালত।

মঙ্গলবার খুলনা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মো. আমিরুল ইসলাম শুনানি শেষে রিমান্ডের আবেদন নামঞ্জুর করেন। মুনীর উদ্দিন আহমেদ খুলনা প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক।
মামলার তদন্ত কর্মকর্তা মো. সাইদুর রহমান জানান, ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় তাকে জিজ্ঞাসাবাদের জন্য সাত দিনের রিমান্ডের আবেদন করেছিলো পুলিশ। তবে শুনানি শেষে আদালত রিমান্ড আবেদন নামঞ্জুর করেন।

পুলিশ জানায়, গত সোমবার ব্যক্তিগত ফেসবুকে বিতর্কিত একাধিক পোস্ট দেওয়ায় তার বিরুদ্ধে খুলনা থানার উপ-পরিদর্শক (এসআই) মো. শরিফুল আলম বাদী হয়ে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করেন। এর আগে রবিবার রাতে সাংবাদিক মুনীরকে নগরীর দোলখোলা এলাকার বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ।